আলমডাঙ্গার রুইথনপুর পানিতে ডুবে শিশুর মৃত্যু

আলমডাঙ্গার রুইথনপুরে পানিতে ডুবে খাদিজা খাতুন (২) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

সোমবার সকাল ১০ টার দিকে নিজ বাড়ির টিউবওয়েলের গর্তে পড়ে শিশুটির মর্মান্তিক হয়। শিশু খাদিজা খাতুন রুইথনপুর গ্রামের বাবলু হোসেনের মেয়ে। খবর পেয়ে আলমডাঙ্গা থানাপুলিশ উপস্থিত হয়ে শিশু খাদিজার সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়নের রুইথনপুর গ্রামের বাবুল হোসেনের শিশু কণ্যা খাদিজা খাতুন। সোমবার সকালে শিশু খাদিজার মা আঙ্গুরা খাতুন ও পরিবারের লোকজন উঠানে কাজ করছিলো। শিশু খাদিজা খেলার ফাঁকে বাড়ির সন্নিকটে টিউবওয়েলের গর্তে পড়ে যায়।

পরে, পরিবারের লোকজন শিশু খাদিজাকে না পেয়ে খুঁজতে থাকে। খুঁজতে গিয়ে টিউবওয়েলের গর্তে শিশুর লাশ ভাসতে দেখে। শিশুকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করে।

শিশু কণ্যার মৃত্যুর ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশ উপস্থিত হয়ে সুরতহাল রিপোর্ট সংগ্রহ করে। দুপুরে শিশুর চাচা জুয়েল রানা আলমডাঙ্গা থানায় উপস্থিত হয়ে অপমৃত্যুর মামলা দায়ের করেন।

ফুলের পর্যাপ্ততা থাকলেও, নেই ক্রেতার ভিড়! লোকসানের আশঙ্কায় ব্যবসায়ীরা

আজ ১৪ ফেব্রুয়ারী ভ্যালেন্টাইন ডে। এই দিনটি বিশ্ব ভালোবাসা দিবস হিসেবেও পরিচিতি পেয়েছে। দিনটিকে ঘিরে যুবক-যুবতীরাসহ

বিভিন্ন বয়সের মানুষ শাড়ি ও বিভিন্ন পোশাকে নতুন সাজে সেজে একটু কোথাও ঘুরতে যাওয়া, বন্ধুরা এক সাথে কয়েকজন মিলে আরেক বন্ধুর বাড়িতে বেড়াতে গিয়ে অলস সময় পার করে দেয়।

একে অপরকে ফুল ও চকলেট উপহার দিয়ে ভালোবাসা জানাতে ব্যস্ত সময় পার করে তারা। তাছাড়া এই দিনটিতেই বসন্তের প্রথম দিন অর্থাৎ পহেলা ফাল্গুন হওয়ায় আলাদা মাত্রা যোগ হয়েছে।

মেহেরপুর জেলার বিভিন্ন ফুলের দোকান ঘুরে দেখা গেছে, পূর্বের তুলনায় এবছর ফুল বিক্রি খুবই কম। বড় লোকসানের আশঙ্কায় পড়েছেন ব্যবসায়ীরা। এর কারণ হিসেবে করোনা ভাইরাস ও অমিক্রণের প্রভাব ক্রমাগত বৃদ্ধির আশঙ্কা ও স্কুল কলেজ বন্ধকে দায়ী করেছেন তারা।

মেহেরপুর সরকারি ডিগ্রি কলেজের অনার্স দ্বিতীয় বর্ষের ছাত্র আবু হানিফ জানান, করোনা ভাইরাস ও অমিক্রণের সংক্রমণ এড়াতে সরকারি নির্দেশনায় স্কুল- কলেজ বন্ধ রয়েছে ফলে বন্ধু বান্ধবীদের উপস্থিতি না থাকার কারণে এবছর ফুল কেনা হয়নি। একই কথা জানিয়েছেন গাংনী সরকারী ডিগ্রি কলেজের দ্বিতীয় বর্ষের ছাত্র তানভীর রহমান।

১৪ ফেব্রুয়ারী মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী উপজেলা শহরসহ আশপাশের ফুল ব্যবসায়ীরা ফুল বিক্রির আশায় কাক ডাকা ভোর থেকে হাকডাক শুরু করেন। তবে ক্রেতা সকলের উপস্থিতি ছিল একেবারেই কম। ব্যবসায়ীরা সকলেই আশঙ্কা করছেন বড় অংকের টাকা লোকসানের।

মেহেরপুর জেলা শহরের স্বর্ণালী গিফট কর্ণার এন্ড ফুল হাউস এর স্বত্বাধিকারী রাশেদ খান, টুটুল ফুল সেন্টারের টুটুল আহমেদ, গাংনী উপজেলা শহরের টু স্টার ফুল ভান্ডারের মিজানুর রহমান ও বিলাসী ফুল ভান্ডারের স্বত্বাধিকারী মামুন পারভেজ সাথে কথা বলে এসকল তথ্য জানা গেছে।

প্রসঙ্গত, ভালোবাসা কি ? কোথা থেকে এ ভালোবাসা দিবসের উৎপত্তি ? কেনই বা এই ভালোবাসা দিবস? এমন নানা প্রশ্নের জবাবও ভিন্ন ভিন্ন। তবে সাধারণভাবে জানা গেছে, ভালোবাসা শক্তিশালী এবং ইতিবাচক মানসিক এবং মানসিক অবস্থার পরিধিকে অন্তর্ভুক্ত করে, সবচেয়ে মহৎ গুণ বা ভাল অভ্যাস, গভীরতম আন্তঃব্যক্তিক স্নেহ থেকে সহজ আনন্দ পর্যন্ত।

ভালবাসা মানে কেউ বা কিছুর সাথে গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ। ভালবাসার মূল অর্থ হল কাউকে পছন্দ করার চেয়ে বেশি অনুভব করা। এটি

এমন একটি বন্ধন যা পরস্পর ভাগ করে নেয়।

ভালোবাসাকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে ভাগ করা যায়। যেমন আবেগধর্মী, মানবীয় অনুভূতি, নিষ্কাম, ধর্মীয়, বিভিন্ন পোষ্য প্রাণীর বা বস্তুর প্রতি অতিরিক্ত স্নেহসহ অতি আনন্দদায়ক অনুভূতিই হলো ভালোবাসা।

সাধারণ মতে, ভালোবাসাকে একটি ব্যক্তিগত অনুভূতি হিসেবে বিবেচনা করা হয়, যেটা একজন মানুষ অপর আরেকজন মানুষের প্রতি অনুভব করে। অধিকাংশ প্রচলিত ধারণায় ভালোবাসা, নিঃস্বার্থতা, স্বার্থপরতা, বন্ধুত্ব, মিলন, পরিবার এবং পারিবারিক বন্ধনের সাথে গভীরভাবে যুক্ত।

তবে প্রতি বছরের ১৪ ফেব্রয়ারিই কেন ভালোবাসা দিবস উদযাপন করা হয় এ নিয়ে প্রশ্ন রয়েছে অনেকের। প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে জানা যায়, ভালোবাসার জন্য এই দিনে মানুষের জীবন ত্যাগের ইতিহাস।

ভালোলাগা আর ভালোবাসার প্রবৃত্তি মানুষের সহজাত। কিন্তু সহজাত এই প্রবৃত্তি প্রকাশ করায় জীবনও দিতে হয়েছে অনেককে। তাই জন্মসূত্রে পাওয়া ভালোবাসা নামের সেই অব্যক্ত অনুভূতি প্রকাশ করতে গিয়ে যাদের জীবন দিতে হয়েছে তাদের মহিমান্বিত করতেই প্রতি বছরের নিদিষ্ট একটি দিনে পালন করা হয় ‘ভ্যালেন্টাইন ডে’ বা ভালোবাসা দিবস।

তবে প্রতি বছরের ১৪ ফেব্রয়ারিই কেন ভালোবাসা দিবস উদযাপন করা হয় এ নিয়ে প্রশ্ন রয়েছে অনেকের। প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে জানা যায়, ভালোবাসার জন্য এই দিনে মানুষের জীবন ত্যাগের ইতিহাস।

এর মধ্যে সবচেয়ে প্রচলিত ইতিহাসটি হচ্ছে রোমের ধর্মযাজক সেন্ট ভ্যালেন্টাইনের। তিনি ছিলেন মানবপ্রেমিক ও খ্রিস্টধর্ম প্রচারক। আর রোম সম্রাট দ্বিতীয় ক্লডিয়াস ছিলেন বিভিন্ন দেব-দেবীর পূজায় বিশ্বাসী।

সম্রাটের পক্ষ থেকে তাকে দেব-দেবীর পূজা করতে বলা হলে ভ্যালেন্টাইন তা অস্বীকার করায় তাকে কারারুদ্ধ করা হয়। সম্রাটের বারবার খ্রিস্টধর্ম ত্যাগের আজ্ঞা প্রত্যাখ্যান করলে ২৬৯ খ্রিস্টাব্দের ১৪ ফেব্রুয়ারি রাষ্ট্রীয় আদেশ লঙ্ঘনের দায়ে ভ্যালেন্টাইনকে কারারুদ্ধ করা হয়।

সেন্ট ভ্যালেন্টাইন কারারুদ্ধ হওয়ার পর যুবক-যুবতীদের অনেকেই প্রতিদিন তাকে কারাগারে দেখতে আসত এবং ফুল উপহার দিত। তারা বিভিন্ন উদ্দীপনামূলক কথা বলে সেন্ট ভ্যালেন্টাইনকে উদ্দীপ্ত রাখত। এক কারারক্ষীর এক অন্ধ মেয়েও ভ্যালেন্টাইনকে দেখতে যেত। অনেকক্ষণ ধরে তারা দুজন প্রাণ খুলে কথা বলত।

একসময় ভ্যালেন্টাইন তার প্রেমে পড়ে যায়। সেন্ট ভ্যালেন্টাইনের আধ্যাত্মিক চিকিৎসায় অন্ধ মেয়েটি দৃষ্টিশক্তি ফিরে পায়। ভ্যালেন্টাইনের ভালোবাসা ও তার প্রতি দেশের যুবক-যুবতীদের ভালোবাসার কথা সম্রাটের কানে গেলে তিনি ক্ষিপ্ত হয়ে ২৭০ খ্রিস্টাব্দের ১৪ ফেব্রুয়ারি তাকে মৃত্যুদণ্ড দেন। সেই থেকেই দিনটির শুরু। ওই দিনের শোক গাঁথায় আজকের এই ‘ভ্যালেন্টাইন ডে’।

মূলত সেন্ট ভ্যালেন্টাইনের স্মরণে এই দিবসটি পালনের সিদ্ধান্ত নেয়া হয়েছিল। এরপর থেকে সেন্ট ভ্যালেন্টাইনের নামটি ধীরে ধীরে মানুষের কাছে পরিচিত হয়ে উঠতে শুরু করে।

এই দিনে একজন মানুষ আরেকজনের প্রতি তার ভালবাসা প্রকাশ করতে ভালোবাসার বার্তাসহ কার্ড, ফুল বা চকলেট পাঠিয়ে থাকে। এ আয়োজনের বড় একটা অংশ হচ্ছে শাড়ির সঙ্গে মিলিয়ে গোলাপসহ অন্যান্য ফুল কেনা।

গাংনীর পিরতলা গ্রামে জমি সংক্রান্ত বিরোধের জেরে একজনকে পিটিয়ে আহত

মেহেরপুরের গাংনী উপজেলার পিরতলা গ্রামে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে কামরুল ইসলাম (৪৫) নামের এক ব্যাক্তিকে পিটিয়ে আহত করেছে প্রতিপক্ষরা।

আহত কামরুল ইসলাম পিরতলা গ্রামের রাহাতুল ইসলামের ছেলে। আহত কামরুল ইসলাম গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা শেষে

বাড়ি ফিরেছেন।

রোববার বিকালে বিরোধপূর্ণ জমিতে গাছ লাগাতে গিয়ে হামলার শিকার হন তিনি। হামলাকারী তারই চাচাত ভাই আমিরুল ইসলাম।

কামরুল ইসলামের শ্যালক স্থানীয় কৃষকলীগ নেতা সোহেল রানা জানান, আমার ভগ্নিপতির চাচা নুহু’র কোনো সন্তান নেই। কামরুল ইসলামকে ছোট বেলা থেকে বড় করেছেন। কামরুলের বাড়ির পাশে ওই নি:সন্তান চাচার ৩ শতক জমি আছে। সেই জমিটিতে কামরুলকে গাছ লাগানোর অনুমতি দেন। সেই জমিতে গাছ লাগাতে গেলে আমিরুল ইসলাম আমার ভগ্নিপতিকে বাঁশের লাঠি দিয়ে পিটিয়ে আহত করেন।

পরিবারের লোকজন কামরুলকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখান থেকে চিকিৎসা শেষে বাড়ি ফিরেছেন। এব্যাপারে কামরুল ইসলাম বাদী হয়ে গাংনী থানায় একটি এজাহার দায়ের করেছেন।

কেরুজ সাবেক সভাপতির মা-ভাইসহ প্রয়াত শ্রমিক-কর্মচারীর আত্নার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল

কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী মা আবিদা খাতুন সম্প্রতি প্রয়াত হয়েছেন। ইতিপূর্বে তার বড়ভাই ততকালীন কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি মজিবুর রহমান সড়ক দূর্ঘটনায় মারা যান।

প্রয়াত মা-ভাই সহ কেরুজ চিনিকলের সকল প্রয়াত শ্রমিক-কর্মচারীর আত্নার মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। রোববার বিকালে তৈয়ব আলী সংগঠন কার্যালয়ে অনুষ্ঠিত দোয়া মাহফিল অনুষ্ঠানে সংক্ষিপ্ত আলোচনা পর্বে প্রধান অতিথির বক্তব্য দেন

দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান। অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মঞ্জু, সৈয়দ মজনুর রহমান, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, সহসভাপতি মোস্তাফিজুর রহমান, সহসাধারণ সম্পাদক খবির উদ্দিন।

সভাপতিত্ব করেন সাবেক সভাপতি তৈয়ব আলী।

সাবু তরফদারের উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন সাবেক সভাপতি হাফিজুল ইসলাম, সাবেক সহসভাপতি ফারুক আহমেদ, শ্রমিক নেতা হাফিজুল ইসলাম, আ. রব বাবু, রেজাউল করিম সবুর, জুলফিকার হায়দার প্রমুখ।

দর্শনা কেরুজ চিনিকলে মরাগাছ কাটার অযুহাতে বাগান কেটে সাবাড়

দর্শনা কেরুজ চিনিকলের বয়লারে খড়ি জন্য মরাগাছ কাটার অযুহাতে বাগান কেটে সাবাড় করে দেয়ার অভিযোগ উঠেছে বীজ পরিদর্শন ও কৃষিতত্ব বিভাগের ব্যবস্থাপক দেলোয়ার হোসেনের বিরুদ্ধে।

বিষয়টি জানাজানি হলে শাক দিয়ে মাছ ঢাকার পায়তারা চালাচ্ছেন চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক। বিষয়টি তদন্তপূর্বক অভিযুক্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি তুলেছে সচতেন মহল।

জানাগেছে, দর্শনা কেরুজ চিনিকলের মাড়াই মোরসুম শুরু হলে বিজ্ঞপ্তি দিয়ে বয়লারের জন্য খড়ি সংগ্রহ করে থাকে। বিধি মোতাবেক ২০২১-২২ মড়াই মোরসুমে টেণ্ডারে অংশ গ্রহণ করে খড়ি সরবরাহের জন্য অনুমোদন পায় দর্শনা ইসলাম বাজারের ঠিকাদার আতিয়ার রহমান হাবু।

তিনি চুক্তি মোতাবেক চলতি মাড়াই মোরসুমে ৪৫ কার্যদিবসের জন্য ১১শ মেট্রিক টন খড়ি সরবরাহ করেন। মাঝে পথে বয়লারে দেখা দেয় খড়ির সংকট। সে সংকট মেটাতে কর্তৃপক্ষ তড়িঘড়ি করে চিনিকলের বিভিন্ন কৃষি খামারের মরাগাছ কাটার নির্দেশ দেন।

সেই সাথে গাছ কাটার জন্য ২ লাখ টাকা বরাদ্ধও দেয়া হয়। অভিযোগ উঠেছে গাছ কেটে খড়ি সংগ্রহ করার দায়িত্বে থাকা বীজ পরিদর্শন ও কৃষিতত্ব বিভাগের ব্যবস্থাপক দেলোয়ার হোসেন খড়ি সংগ্রহের অযুহাতে বিভিন্ন খামারের মূল্যবান গাছ কেটে সাবাড় করে দিয়েছেন।

মূল্যবান গাছে ফার্ণিচার তৈরীরর উপযোগি সারি গাছগুলো অন্যত্রে সরিয়ে রেখেছেন। সেই সাথে প্রায় দেড়লাখ টাকার খড়ি অন্যত্রে বিক্রিও করে দিয়েছেন তিনি।

যদিও গাছ কাটার জন্য কর্তৃপক্ষ বীজ পরিদর্শন ও কৃষিতত্ব বিভাগের ব্যবস্থাপক দেলোয়ার হোসেনকে প্রধান করে মহা-ব্যবস্থাপক (অর্থ) গোলাম জাকারিয়া, সিভিল ইঞ্জিনিয়ার ইয়াসির আরাফাত ও জহির উদ্দিনের (ভুমি) সমন্বয়ে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে দিয়েছেন।

একটি সূত্র জানিয়েছে, প্রতিবছর মাড়াই মরসুমে সংকট দেখিয়ে কৃষি খামারের মূল্যবান গাছ কর্তন করা হয়ে থাকে। তা থেকে কিছু অংশ খড়ি হিসাবে বয়লারে যায়। আর গাছের মূল্যবান অংশ কারো কারো বাড়ির ফার্নিচার বানানোর জন্য চোখের আড়াল করে রাখা হয়। পরে সুযোগ সুবিধা বুঝে স মিলে নিয়ে চেরা হয়।

এব্যাপারে অভিযুক্ত দেলোয়ার হোসেন বলেন, আমার ভুল হয়েছে।

মরাগাছ কাটার অযুহাতে খামারের বাগান কেটে সাবাড় করার ব্যাপারে চিনিকলের ব্যবস্থপনা পরিচালক মোশারফ হোসেন অভিযুক্ত দেলোয়ারের পক্ষ নিয়ে বলেন, আমি সব জানি। কোন অনিয়ম হয়নি। কমিটির মাধ্যমে গাছ কাটা হচ্ছে। আর কাটার জন্য অর্থও বরাদ্ধ দেয়া হয়েছে। শুনেছি একটি গাছ কাটা হয়েছে খতিয়ে দেখছি। এ যেন শাখ দিয়ে মাছ ঢাকার চেষ্টা। সচেতন মহলের দাবি চনিকিলটিতে সব জায়গায় চলেছে লুটপাট। তার পরও বিষয়টি খতিয়ে দেখে অভিযুক্তদের বিরুদ্ধে করপোরেশন যেন যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন।

আলমডাঙ্গায় পানিতে ডুবে ৬ বছরের শিশুর মৃত্যু

আলমডাঙ্গায় পানিতে ডুবে সুরভী খাতুন (৬) নামে এক শিশুকন্যার মৃত্যু হয়েছে।

রোববার দুপুরে উপজেলার ভাংবাড়ীয়া ইউনিয়নের ভোগাইল গ্রামে এঘটনা ঘটে। সুরভী খাতুন একই গ্রামের মাঝেরপাড়ার সবুজ হোসেনের মেয়ে। সন্ধ্যায় মরদেহ দাফন সম্পন্ন করা হয়েছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার ভাংবাড়িয়া ইউনিয়নের ভোগাইবগাদি গ্রামের সবুজ হোসেনের শিশু কণ্যা সুরভী। রবিবার দুপুরে ছোট ছেলে হুজাইফাকে গোসল শেষ করে ঘুম পাড়ানোর জন্য দুগ্ধ পান করাচ্ছিলেন মা রোজিনা খাতুন।

এই সুযোগে শিশু সুরভী খাতুন বল নিয়ে বাড়ি থেকে বের হয়ে যায়। কিছুক্ষন পর হুজাইফা ঘুমিয়ে পড়লে মেয়ে সুরভীকে গোসল করানোর জন্য খুজতে থাকে মা।

অনেকক্ষন খোঁজাখুঁজির পর বাড়ির পাশে থাকা ঢোবার (বড় গর্ত) সামনে সুরভীর স্যান্ডেল ও বলটি ভাসতে দেখে স্থানীয়রা। পরে ঢোবার পানির মধ্যে থেকে সুরভীর মরদেহ উদ্ধার করা হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, পরিবারের অসাবধানতায় শিশুটি গর্তের পানিতে ডুবে মৃত্যু হয়েছে। অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে

আলমডাঙ্গায় ট্রেনে টেনে নিলো বৃদ্ধকে, মিললো রক্তাক্ত

মরদেহ

রেললাইনের উপরে গামছা তুলতে গিয়ে দ্রুতগামী আন্তঃনগর বেনাপোল এক্সপ্রেস ট্রেনে টেনে নিলো বৃন্ধকে। ৫০ ফিট দুরে মিললো বৃদ্ধর ক্ষতবিক্ষত লাশ।

ঘটনাটি আলমডাঙ্গা পৌর এলাকার মহিলা কলেজ সন্নিকটে ঘটেছে । নিহত বৃদ্ধ মেগলান বেথ (৭৫) মৃত হারান বেথ এর ছেলে।

জানাগেছে, আলমডাঙ্গা পৌর এলাকার মহিলা কলেজের সন্নিকটে রেললাইন পাশে প্রায় দুই যুগ ধরে বসবাস করে মেগনাল বেথ তার পরিবার। মেগনাল বেথ বয়সের কারণে কানে শুনতে পারে না।

রবিবার বেলা সাড়ে ৩ টার দিকে রেললাইনের উপরে গামছা তুলতে যায়। খুলনা থেকে ঢাকার উদ্দেশ্যে ছেড়ে যাওয়া দ্রুত গামি আন্তঃনগর বেনাপোল এক্সপ্রেস ট্রেন তাকে ধাক্কা মারে।

মেগনালকে টেনে নিয়ে যায় প্রায় ৫০ ফিট দুরে। সেখান থেকে স্থানীয়রা উদ্ধার করে বৃদ্ধ মেগনালের রক্তাক্ত মরদেহ।

ভালবাসা দিবস ও বসন্ত উৎসবকে ঘিরে ব্যস্ত সময় পার করছে ঝিনাইদহের ফুলচাষিরা

দুই বছরের লোকসান কাটিয়ে ফুলের রং এ স্বপ্ন রাঙ্গাতে ব্যস্ত সময় পার করছেন ঝিনাইদহের ফুলচাষিরা। এ বছর ফুলের চাহিদা অনেক। সরবরাহে হিমশিম খাচ্ছেন চাষিরা। দামও বেশি, ফুলের বর্তমান দাম বিগত ১৫ বছরের থেকে সর্বোচ্চ বলছেন চাষিরা।

প্রতিবছর ফেব্রুয়ারি-মার্চ মাস এলেই এ জেলার ফুলচাষি ও ফুলকর্মীদের ব্যস্ততা বেড়ে যায়। বিভিন্ন জাতীয় উৎসবে মূলত এলাকায় উৎপাদিত ফুলই ব্যবহৃত হয়। চলতি মাসেই রয়েছে তরুণ-তরুণীদের

প্রাণের উৎসব বসন্তবরণ ও বিশ্ব ভালোবাসা দিবস। এছাড়া রয়েছে ২১ ফেব্রুয়ারি মাতৃভাষা দিবস। এসব উৎসবের কয়েকদিন আগে থেকেই বাজারে ফুলের চাহিদা বেড়েছে।

জেলা কৃষি বিভাগের তথ্যমতে, চলতি মৌসুমে ঝিনাইদহ জেলায় ফুলের আবাদ হয়েছে ২১০ হেক্টর জমিতে। এর মধ্যে জেলা সদরের গান্না, কোটচাঁদপুর উপজেলার ইকড়া, কালীগঞ্জ উপজেলার বালিয়াডাঙ্গা, মহেশপুর উপজেলার নেপা, শ্যামকুড় এলাকায় সবচেয়ে বেশি ফুলের আবাদ হয়।

জেলায় আবাদ করা মোট ফুলের মধ্যে গাঁদা ফুলই শতকরা ৭০ ভাগ। এছাড়া বিভিন্ন এলাকায় মাঠের পর মাঠে চাষ করা হয়েছে গোলাপ, রজনীগন্ধা, গ্লাডিওলাস, চন্দ্রমল্লিকা, জারবেরাসহ নানান ফুল।

বৈশ্বিক মহামারি করোনাভাইরাস সংক্রমণ ছড়িয়ে পড়ার কারণে সব ধরনের উৎসব অনুষ্ঠান বন্ধ থাকায় ২০২০ ও ২০২১ সালে আর্থিকভাবে লোকসানে পড়েন ফুলচাষিরা। অনেকেই এ সময়ের মধ্যে অন্য চাষাবাদের দিকে ঝুঁকে পড়েন।

কিন্তু ২০২১ সালের শেষের দিকে সংক্রমণ কমে আসায় সরকার থেকে অনেক অনুষ্ঠানাদির ক্ষেত্রে নিষেধাজ্ঞা প্রত্যাহার করা হয়। ফলে আবারও ফুলচাষে ফিরে আসেন চাষিরা। চলতি বছরের ২০ জানুয়ারির পর থেকে বাজারে সব ধরনের ফুলের দাম বাড়ছে বলে জানিয়েছেন চাষিরা।

বালিয়াডাঙ্গা, গান্না বাজার ও কালীগঞ্জের মেইন বাসস্ট্যান্ডে গিয়ে দেখা যায়, দুপুর থেকে শত শত কৃষক তাদের ক্ষেতের উৎপাদিত ফুল ভ্যান, স্কুটার ও ইঞ্জিনচালিত বিভিন্ন পরিবহনযোগে নিয়ে আসছেন। বেলা গড়ানোর সঙ্গে সঙ্গে বালিয়াডাঙ্গা বাজার ও কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড ভরে যায় লাল, সাদা আর হলুদ ফুলে ফুলে।

সারাদেশের আড়তগুলোতে ফুল পাঠাতে আসা ফুল চাষিদের সঙ্গে আলাপ করে জানা যায়, তারা সারাবছরই ফুল বিক্রি করেন। তবে প্রতিবছর বাংলা ও ইংরেজি নববর্ষের দিন, স্বাধীনতা দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও ভালোবাসা দিবস ইত্যাদি দিনগুলোতে ফুলের অতিরিক্ত চাহিদা থাকে। এ সময় দামও থাকে ভালো।

কোটচাঁদপুরের ইকড়া গ্রামের ফুলচাষি সেলিম হোসেন বলেন, ‘বর্তমানে আমার চন্দ্রমল্লিকা ক্ষেতে প্রচুর কুঁড়ি আছে। এই ফুল দু-একদিনের মধ্যে বিক্রির উপযোগী হবে। তাই গাছে মাচা করে

দিচ্ছি। এতে গাছ হেলে পড়বে না, ফুলেও ময়লা লাগবে না। মানটাও অনেক ভালো থাকবে।

একই এলাকার গাঁদা ফুলচাষি হাফিজ জানান, এবার ফুলের দাম অনেক বেশি। তার এক বিঘা জমি থেকে গত একমাসে ৭০ হাজার টাকার ফুল বিক্রি করেছেন। বসন্তবরণ, ভালোবাসা দিবস ও একুশে ফেব্রুয়ারিতে আরও বেশি দাম পাবেন আশা করছেন তিনি।

এই ফুলচাষি আরও বলেন, বর্তমানে ফুলের বাজারদর গত ১৫ বছরের মধ্যে সর্বোচ্চ। এরকম দাম থাকলে আগামী মার্চ মাস পর্যন্ত তিন লাখ টাকার ফুল বিক্রি করতে পারবেন বলে আশা করছেন তিনি।

ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী জানান, এ মুহূর্তে ফুলের মান ভালো রাখতে কৃষকদের নন-ইউরিয়া সার ও জৈবসার ব্যবহারে পরামর্শ দেওয়া হচ্ছে।

স্ত্রীর মর্যাদা দিতে ৫বিঘা জমি ও বাড়ি দাবি সেনা সদস্য’র। বিচারের দাবি অসহায় পিতার

৫ বিঘা জমি ও মেহেরপুর শহরে বাড়ি করে দিতে না পারায় সেনা সদস্য’র স্ত্রীর মর্যাদা পাচ্ছেন না এমন অভিযোগে গ্রাম আদালতে বিচার চেয়ে লিখিত আবেদন করেছে ভুক্তভুগী মেয়ের বাবা মেহেরপুর সদর উপজেলার হিতিমপাড়া গ্রামের ফুলচাঁদ আলী।

গত শনিবার সেনা সদস্য মো: সোহান সাইমের বিরুদ্ধে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাছে লিখিত অভিযোগ করেন তিনি।

লিখিত অভিযোগে ভুক্তভুগী ঐ মেয়ের বাবা ফুলচাঁদ আলী বলেছেন, গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া গ্রামের কামরুজ্জামানের ছেলে সেনা সদস্য মো: সোহান সাইম ও তার মেয়ে অপ্রাপ্ত বয়স হওয়ার কারনে রেজিষ্ট্রি না করে স্বাক্ষীগণের উপস্থিতিতে ৪ লাখ টাকা বাকীতে দেনমহর নির্ধারন করে ইসলামী শরিয়ত

মোতাবেক গত ১২/০৪/২০১৯ ইং তারিখে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। বিয়ের পর থেকে জামাতা মো: সোহান সাইম তার বাড়িতে রাত্রি যাপন সহ প্রতিনিয়ত যাতায়াত করে আসছে।

বিয়ের পর ২০২০ সালে সেনাবাহিনীর সৈনিক পদে চাকুরী পেলে মেয়ের মাধ্যমে ৫ লাখ টাকা যৌতুক দাবি করে চাপ প্রয়োগ করে। মেয়ের সুখ শান্তির কথা ভেবে দুজন স্বাক্ষীর উপস্থিতিতে ৫ লাখ টাকা প্রদান করি। জামাতা মো: সোহান সাইম ট্রেনিং শেষ করে ছুটিতে বাড়িতে আসলে মেয়েকে তার বাড়িতে নেওয়ার কথা বললে নিতে অস্বীকৃতি জানায়।

আমার মেয়ে স্ত্রীর মর্যাদা পেতে গত শুক্রবার (১১.০২.২০২২) আমার মেয়ে জামাতা সেনা সদস্য মো: সোহান সাইমের বাড়িতে গেলে জামাতা সেনা সদস্য মো: সোহান সাইম ও তার পিতা কামরুজ্জামান মারধর ও গালিগালাজ করে ৫ বিঘা জমি ও মেহেরপুর শহরে বাড়ি করে দিতে পারলে স্ত্রীর মর্যাদা দেওয়া হবে বলে জানিয়ে বাড়ি থেকে বের করে দেয়।

নিরুপায় হয়ে স্থানীয় লোকজন ও আত্নীয় স্বজনদের পরামর্শে সোহান সাইমকে বিবাদী করে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাছে লিখিত অভিযোগ করে বিচার চেয়েছেন তিনি।

ফুলচাঁদ আলীর মেয়ে ও সোহান সাইমের স্ত্রী বলেন, গাড়াবাড়িয়া গ্রামের কুতুবপুর স্কুল এন্ড কলেজে পড়ার সময় ২০১৮ সালে সোহান সাইম নানা ভাবে প্রেমের প্রস্তাব দেয়। এক পর্যায় দু’জনের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে উঠে। প্রেমের সম্পর্কের কারনে সোহান সাইম তাকে বিয়ের প্রস্তাব দেয়। দুজনই অপ্রাপ্ত বয়স্ক হওয়ায় রেজিষ্ট্রি না করে স্বাক্ষীগণের উপস্থিতিতে ৪ লাখ টাকা বাকীতে দেনমহর নির্ধারন করে ইসলামী শরিয়ত মোতাবেক গত ১২/০৪/২০১৯ ইং তারিখে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। বিয়ের পর থেকে সে তার বাবার বাড়ি গাড়াবাড়িয়াতে না নিয়ে আমার বাবার বাড়িতে থেকে পড়াশুনা করার পরামর্শ দেয়। পরে আনুষ্ঠানিক ভাবে বিয়ে তুলবে বলে প্রতিশ্রতি দিলেও এখন সে যৌতুক দাবি,মারধর ও বিয়ের বিষয়ে সব অস্বীকার করছে। তিনি আরো বলেন স্ত্রীর স্বীকৃতি পেতে তার বাবা আইনের আশ্রয় নিয়েছেন। আইনের মাধ্যমে তিনি স্ত্রীর স্বীকৃতি পেতে চাঁন।

কুমিল্লা ক্যান্টনমেন (ইউনিট ৩ বির,কোর নং বির) কর্মরত সেনা সদস্য মো: সোহান সাইম বলেন, ফুলচাঁদ আলীর মেয়ের সাথে তার বিয়ে হয়নি। তাকে তিনি চেনেন না।
স্থানীয়রা জানান, বিয়ে হলে সেনা সদস্য পদে চাকুরী হয়না। এমন নিয়ম

থাকলেও বিয়ের পরেও কিভাবে চাকুরী হলো তা তদন্ত করে ব্যবস্থা নেওয়ার দাবি এলাকাবাসির।

কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো: মিজানুর রহমান রানা জানান, মেহেরপুর সদর উপজেলার হিতিমপাড়া গ্রামের ফুলচাঁদ আলী সেনা সদস্য মো: সোহান সাইমের বিরুদ্ধে বিয়ের পর যৌতুক চাওয়া তার মেয়েকে মারধর সহ বিভিন্ন কারন উল্লেক করে লিখিত অভিযোগ করেছে। লিখিত আবেদনের প্রেক্ষিতে উভয়পক্ষকে নোটিশ করে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

স্মরণকালের রেকর্ড ভাংলো কম আখ মাড়াইয়ে ॥ লোকসান হতে পারে ৭০ কোটি টাকা

দর্শনা কেরুজ চিনিকলের আখেরী হুইসেল বাজিয়ে ২০২১-২০২২ আখ মাড়াই মৌসুম শেষ করল ঐত্যিহ্যবাহী প্রতিষ্ঠান কেরুজ চিনিকল।

কেরু সুত্রে জানা যায় দিনগত রাত আড়াইটার দিকে এ ২০২১-২০২২ আখ মাড়াই মৌসুম শেষ করে। এবার স্মরণকালের রেকর্ড ভাংলো কম আখ মাড়াইয়ে। শুধু আখ মাড়াইয়ের ক্ষেত্রেই নয়, মাড়াই দিবস থেকে শুরু করে চিনি আহরণের হার ও উৎপাদন কমের ক্ষেত্রেও এবার রেকর্ড ভেঙ্গেছে।

গত মরসুমে ৭৬ কোটি টাকা লোকসান গুনলেও এবারের লোকসানের বোঝা ৭০ কোটিও পেরুতে পারে। চলতি আখ মাড়াই মরসুম আজ শেষ হচ্ছে। আখ মাড়াইয়ের ক্ষেত্রে লক্ষমাত্রা অতিক্রম করলেও চিনি আহরণের হার নিন্মমুখি হওয়ায় উৎপাদনে থাকছে বিশাল ঘাটতি।

গত বছরের ২৪ ডিসেম্বর বিকালে ৭৬ কোটি টাকা লোকসানের বোঝা মাথায় নিয়ে ২০২১-২২ আখ মাড়াই মরসুমের শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্পমন্ত্রী নুুরুল মজিদ মাহমুদ হুমায়ন, বানিজ্য মন্ত্রী টিপু মুন্সি, শিল্প প্রতিমন্ত্রী

কামাল আহমেদ মজুমদার, চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজি আলী আজগার টগর, শিল্প সচিব জাকিয়া সুলতানা, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের চেয়ারম্যান আরিফুর রহমান অপু।

কেরুজ চিনিকল কর্তৃপক্ষ থেকে পাওয়া তথ্য অনুযায়ি এ মরসুমে সর্বমোট ৪ হাজার ৬২৭ একর জমির আখ মাড়াই করা হয়। যার মধ্যে কেরুজ নিজস্ব জমির পরিমান ছিলো মাত্র ৯৮৯ একর ও কৃষকের জমিতে আখ ছিলো ৩ হাজার ৬৩৮ একর। লক্ষমাত্রা অনুযায়ি মাত্র ৪৪ দিনে ৫০ হাজার মেট্রিকটন আখ মাড়াই করে চিনি উৎপাদন নির্ধারন করা হয় সাড়ে ৩ হাজার মেট্রিকটন। চিনি আহরণের গড় হার নির্ধারণ করা ছিলো ৭ দশমিক শূন্য।

গত শনিবার পর্যন্ত ৫০ মাড়াই দিবস পর্যন্ত আখ মাড়াই করা হয়েছে ৫২ হাজার ৮৫০ মেট্রিকটন। গতকাল রবিবার সকাল পর্যন্ত মাড়াই পরিমান সর্বমোট দাড়াতে পারে ৫৪ হাজার মেট্রিকটনে। গড় মাড়াই ১ হাজার ৬৪ মেট্রিকটন। এ পর্যন্ত চিনি উৎপাদন হয়েছে ২ হাজার ৮৮৪ মেট্রিক টন।

সবশেষ চিনি উৎপাদনের পরিমান দাড়াতে পারে ৩ হাজার মেট্রিকটন। চিনি আহরণের গড় হার ছিলো ৫ দশমিক ৬০ শতাংশ। অন্যদিকে গত বছরের সেপ্টেম্বর মাসের প্রথমেই শুরু হয় ইক্ষু রোপন মরসুমের কার্যক্রম। শুরুর দিকে লক্ষমাত্রা নির্ধারণ করা হয় সাড়ে ১০ হাজার একর জমিতে আখ রোপনের।

যা পরে সংশোধন করে সাড়ে ৩ হাজার একর জমি বাদ দেয়া হয়েছে। ফলে ৭ হাজার একর জমিতে আখ রোপন করতে হবে। এর মধ্যে কেরুজ চিনিকলের নিজস্ব জমির পরিমান মাত্র ১ হাজার ৩৫ একর এবং বাকী ৫ হাজার ৯৬৫ একর জমি কৃষকের। গতকাল ১২ ফেব্রুয়ারি পর্যন্ত সর্বমোট আখ রোপন করা হয়েছে ৩ হাজার ৭১৮ একর জমিতে।

এর মধ্যে কেরুজ চিনিকলের নিজস্ব জমি ৭৮৯ ও কৃষকের ২ হাজার ৯২৯ একর জমিতে। স্মরণকালের কম পরিমান আখ নিয়ে চলতি আখ মাড়াই মরসুমের আজ ৫১ মাড়াই দিবস। এবারো কোন প্রকার যান্ত্রিক ত্রুটির কবলে পড়তে হয়নি মিলটিকে। তবে দূর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে ৩০ ঘন্টা আখ মাড়াই বন্ধ রাখতে হয়েছে।

কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোশারফ হোসেন জানান, আগামি মরসুমে চিনি কারখানাকে লাভজনক অবস্থায় নেয়া সম্ভব না হলেও বড়ধরণের লোকসান কমাতে প্রয়োজনীয় সবধরণের প্রস্তুতি গ্রহন করা

হয়েছে।

আখচাষে আগ্রহী করে তোলা হচ্ছে কৃষকদের। কৃষকদের সকল ধরণের সুযোগ-সুবিধা নিশ্চিত করা হয়েছে। কৃষদের সাথে সভা-সমাবেশ, উঠান বৈঠক চলমান রয়েছে।

তিনি এলাকার আখচাষিদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, বেশী বেশী আখচাষ করে অধিক মুনাফা অর্জনের পাশাপাশি আপনাদের মূলবান সম্পদ কেরুজ চিনিকলটি রক্ষা করুন।

তিনি আরও বলেন কৃষি প্রধান বাংলাদেশ অর্থনীতির মৃল ভিত্তি হলো কৃষি। চিনি শিল্প ছিলো কৃষি ভিত্তিক শিল্প তাই এ মিলটির জন্য যা যা করার দরকার আমি সব রকব চেষ্টা করে যাচ্ছি। গত বছরের তুলনায় সব মিলিয়ে ১০ কোটি টাকা লাভ হবে বলে মনে করছি।